

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৩.১৭-২০৯

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৪
৩১ আগস্ট ২০১৭

আদেশ

যেহেতু, জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), সদর, কুড়িগ্রাম প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), বিরামপুর, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক) বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হয়। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না;

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তার অধঃস্তনগণ সমাপনী পরীক্ষা ২০১৫-এর ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বর টেম্পারিং করে এন্ট্রি করেন। তিনি উক্ত টেম্পারিং কার্যক্রমের সাথে সরাসরি সংশ্লিষ্ট না থাকলেও সার্বিক দায়িত্বে নিয়োজিত ছিলেন। সার্বিক পর্যালোচনায় ০২/০৩/২০১৭ তারিখের ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৪.২০১৬-১০১ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), সদর, কুড়িগ্রাম প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), বিরামপুর, দিনাজপুর)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক বিভাগীয় মামলায় তার উপর আরোপিত ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-


(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৩.১৭-২০৯

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৪
৩১ আগস্ট ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ০৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর/কুড়িগ্রাম।
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, কুড়িগ্রাম।
- ০৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
- ০৯। জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), সদর, কুড়িগ্রাম
(প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), বিরামপুর, দিনাজপুর)।
- ১০। অফিস কপি।


৩১-০৮-১৭

(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১